# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫৫৫

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৬. আল্লাহ্‌র যিকর ও দু'আ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «إِنَّ أَوْلَى النَّاسِ بِي يَوْمَ الْقِيَامَةِ, أَكْثَرُهُمْ عَلَيَّ صَلَاةً». أَخْرَجَهُ التِّرْمِذِيُّ وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

ضعيف. رواه الترمذي (484)، وابن حبان (911) وقال الترمذي:» هذا حديث حسن غريب». قلت: في سنده مجهول، وآخر سيئ الحفظ

বাংলা

১৫৫৫। ইবনু মাস’উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উপর অধিক দরূদ পাঠকারী কিয়ামতের দিনে আমার বেশি সান্নিধ্য অর্জনকারী হবে।[1]

## English

Ibn Mas'ud (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
“Those who are nearest to me on the Day of Resurrection are those who invoke many blessings on me.” Related by At-Tirmidhi and Ibn Hibban graded it as Sahih.

ফুটনোট

[1] তিরমিযী ৪৮৪। ইবনু আদী তাঁর আলকামিল ফিয যু'আফা (৩/৪৬৫) গ্রন্থে বলেন, আমার নিকট খালিদ ইবনু

মুখাল্লাদ এর মধ্যে আল্লাহ চাহেত কোন সমস্যা নেই। ইবনুল কীসরানী তাঁর দাখীরাতুল হুফফায (১/৫৪০) গ্রন্থে বলেন, মূসা ইবনু ইয়াকুব হাদীসের ক্ষেত্রে শক্তিশালী রাবী নন। আল মুনযিরীও আত তারগীব ওয়াত তারহীব (২/৪০২) গ্রন্থে উক্ত রাবীর দিকেই ইঙ্গিত করেছেন। শাইখ আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ (৮৮৩), যঈফুল জামে (১৮২১) গ্রন্থে এর সানাদকে দুর্বল বলেছেন। তবে সহীহ তারগীব (১৬৬৮) গ্রন্থে হাদীসটিকে হাসান লিগাইরিহী পর্যায়ে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন